

## বেতন বৃদ্ধির সরকারি সিদ্ধান্তে একমত নন প্রাথমিক শিক্ষকরা

■ সমকাল প্রতিবেদক  
প্রাথমিক শিক্ষকদের বেতন বাড়ানোর সরকারি সিদ্ধান্তে একমত হতে পারছেন না শিক্ষকরা। তাদের দাবি, প্রধান শিক্ষকদের এক ধাপ নিচে রেখে সহকারী শিক্ষকদের বেতন ক্রম প্রণয়ন করতে হবে। অথচ সরকার প্রধান শিক্ষকদের চেয়ে তিন ধাপ নিচে সহকারী শিক্ষকদের বেতনক্রম নির্ধারণ করার সিদ্ধান্ত নিয়েছে।

এ দাবিতে গড়ফাল বৃদ্ধির ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ) মিলনায়তনে প্রাথমিক শিক্ষক সমিতি (জাতীয়করণকৃত রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক) আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়। সমিতির মহাসচিব মো. মনজুর আলী এতে দিখিত বক্তব্য পাঠ করেন।

সংবাদ সম্মেলনে প্রাথমিকের প্রশিক্ষণপ্রাপ্ত সহকারী শিক্ষকদের বেতন ৫ হাজার ২০০ থেকে বাড়িয়ে ৫ হাজার ৫০০ ও প্রশিক্ষণবিহীন সহকারী শিক্ষকদের বেতন ৪ হাজার ৭০০ থেকে বাড়িয়ে ৫ হাজার ২০০ টাকা করার দাবি জানানো হয়।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন- সমিতির কেন্দ্রীয় কমিটির সদস্য মো. সিয়াম উদ্দিন, খন্দকার মোতাক্কির রহমান, মো. ফখরুল ইসলাম, সুবল চন্দ্র দাস, শাহনাজ পারভীন প্রমুখ।